



শিক্ষা

শৃঙ্খলা

নৈতিকতা

# আদমজী ক্যান্টনমেন্ট কলেজ

ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা-১২০৬

(দেশের অন্যতম শীর্ষস্থানীয় এবং বাংলাদেশ সেনাবাহিনীর শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে স্বীকৃত)

EIN-107855

web : [www.acc.edu.bd](http://www.acc.edu.bd)

## একাদশ শ্রেণিতে ছাত্র-ছাত্রী ভর্তি বিজ্ঞপ্তি

১। ঢাকা শিক্ষা বোর্ডের নির্দেশনা অনুসারে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে বাংলা মাধ্যম ও ENGLISH VERSION এ ভর্তির কার্যক্রম শুরু হয়েছে :

২। আবেদনের যোগ্যতা নিম্নরূপ:

বিভাগ	সাধারণ (Civil) ও অন্যান্য কোটাভুক্ত	কর্মরত ও অবসরপ্রাপ্ত সেনা সদস্যদের সন্তান
বিজ্ঞান (বাংলা ও ইংরেজি মাধ্যম)	5.00	4.78
ব্যবসায় শিক্ষা	4.22	4.00
মানবিক	3.50	3.44

৩। অনলাইন/এসএমএস এর মাধ্যমে আবেদন প্রক্রিয়া:

(ক) অনলাইনের মাধ্যমে আবেদন: আবেদনকারীকে Website ([www.xiclassadmission.gov.bd](http://www.xiclassadmission.gov.bd))-এ গিয়ে Apply Online এ Click করে প্রয়োজনীয় তথ্য লিখে আবেদন করতে হবে।

(খ) SMS এর মাধ্যমে আবেদন: টেলিটক মোবাইল ব্যবহার করে প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে আবেদন করতে হবে।

(গ) Help Desk: অত্র কলেজে স্থাপিত Help Desk এর মাধ্যমে আগামী ২৬ মে - ০৮ জুন ২০১৬ পর্যন্ত সকাল ০৯০০ ঘটিকা থেকে বিকাল ০৩০০ ঘটিকা পর্যন্ত আবেদনসহ ভর্তি সংক্রান্ত যে কোন সহায়তা গ্রহণ করা যাবে।

৪। বিশেষ কোটায় আবেদন করার যোগ্যতা: সেনাবাহিনীতে কর্মরত, সেনাবাহিনীর অবসরপ্রাপ্ত, ঢাকায় কর্মরত MES(Army), প্রতিরক্ষা খাতে বেতনভুক্ত শুধুমাত্র সেনা ইউনিটে ঢাকায় কর্মরত বেসামরিক কর্মকর্তা ও কর্মচারীদের সন্তান SQ কোটায়, মুক্তিযোদ্ধাদের ক্ষেত্রে FQ কোটায় ও শিক্ষা মন্ত্রণালয়ের ক্ষেত্রে EQ কোটায় আবেদন করতে হবে। বিমান ও নৌবাহিনীতে চাকুরিরত বা অবসরপ্রাপ্ত সদস্যদের সন্তানগণ SQ কোটার জন্য বিবেচিত হবে না। কোটায় আবেদনকৃত শিক্ষার্থীদের কোটার যথার্থতা নিশ্চিত/সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্র যাচাই করার জন্য ২৬ মে হতে ০৯ জুন ২০১৬ পর্যন্ত সকাল ০৯০০ হতে ১৩০০ ঘটিকা পর্যন্ত অত্র কলেজের ভর্তি শাখায় অবশ্যই যোগাযোগ করতে হবে। SQ কোটার ক্ষেত্রে শিক্ষার্থীর নাম উল্লেখপূর্বক কর্মরত ইউনিটের অধিনায়কের প্রত্যয়নপত্র/অবসরপ্রাপ্ত সেনা সদস্যদের ক্ষেত্রে **CORO/Record's Certificate**/কিডাররোল/খালাসী বইয়ের কপি, FQ কোটার ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত সনদপত্র ও EQ কোটার ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের প্রত্যয়নপত্র প্রদর্শন করতে হবে। বিশেষ কোটায় আবেদন করা প্রার্থীরা উল্লেখিত দিবসসমূহের মধ্যে অত্র কলেজ কর্তৃপক্ষ কর্তৃক কাগজপত্র যাচাই না করলে সংশ্লিষ্ট কোটা সুবিধা হতে বঞ্চিত হবে এবং এ বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ।

৫। বোর্ড কর্তৃক আবেদন গ্রহণের সময়: ২৬ মে থেকে ০৯ জুন ২০১৬ পর্যন্ত।

৬। পছন্দক্রম: আদমজী ক্যান্টনমেন্ট কলেজে ভর্তি হতে আগ্রহী শিক্ষার্থীদের অনলাইন ফরমে পছন্দক্রম তালিকায় অত্র কলেজকে ১ নম্বরে রাখতে হবে।

৭। মেধাক্রম প্রকাশ: ঢাকা বোর্ড কর্তৃক প্রকাশিত আদমজী ক্যান্টনমেন্ট কলেজের জন্য নির্বাচিত সাধারণ (Civil) ও SQ কোটার শিক্ষার্থীদের মেধা তালিকা এবং প্রথম ও দ্বিতীয় অপেক্ষমান তালিকা ১৬-৬-২০১৬ তারিখে অত্র কলেজের ওয়েবসাইটে ও নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে। পরবর্তী অপেক্ষমান তালিকা (যদি আসন খালি থাকে) ১৭ জুন - ২৯ জুন ২০১৬ এর মধ্যে কলেজ ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

৮। ভর্তি কার্যক্রম: আদমজী ক্যান্টনমেন্ট কলেজ কর্তৃক প্রকাশিত মেধা তালিকার ভিত্তিতে নিম্নোক্ত দিবসসমূহে প্রতিদিন সকাল ০৯০০ ঘটিকা হতে বেলা ০৩০০ ঘটিকা পর্যন্ত ভর্তি কার্যক্রম চলবে:

তারিখ	মেধা তালিকা/অপেক্ষমান তালিকা অনুসারে ভর্তি
১৮-০৬-২০১৬ (শনিবার)	আদমজী ক্যান্টনমেন্ট কলেজ কর্তৃক প্রকাশিত মেধা তালিকা অনুসারে সকল বিভাগের সাধারণ (Civil) ও SQ কোটাভুক্ত শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম চলবে। এদিন শুধুমাত্র মেধা তালিকায় অন্তর্ভুক্তদের কলেজ ক্যাম্পাসে প্রবেশ করতে দেয়া হবে।
১৯-০৬-২০১৬ (রবিবার)	আসন খালি থাকা সাপেক্ষে মেধা তালিকা এবং প্রথম অপেক্ষমান তালিকায় নির্বাচিত সকল বিভাগের সাধারণ (Civil) ও SQ কোটাভুক্ত শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম চলবে।
২০-০৬-২০১৬ (সোমবার)	আসন খালি থাকা সাপেক্ষে মেধা তালিকা, প্রথম অপেক্ষমান তালিকা এবং দ্বিতীয় অপেক্ষমান তালিকায় নির্বাচিত সকল বিভাগের সাধারণ (Civil) ও SQ কোটাভুক্ত শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম চলবে।
২১-০৬-২০১৬ হতে ৩০-০৬-২০১৬	আসন খালি থাকা সাপেক্ষে মেধা তালিকা ও অপেক্ষমান তালিকা হতে ভর্তি কার্যক্রম চলবে।

৯। ভর্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্র: ভর্তির সময় শিক্ষার্থীকে অনলাইনে পূরণকৃত ভর্তি ফরমের প্রিন্ট কপি, SMSএ প্রাপ্ত PIN কোড, এক কপি পাসপোর্ট সাইজের ছবি ও একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর মূল কপি জমা দিতে হবে।

১০। বিস্তারিত তথ্যের জন্য: মোবাইল- ০১৫৫৩৭১৩৮৩৩, ০১৯১১৯২৮৯৫৯.

বিঃদ্র: উপরে বর্ণিত ভর্তির তারিখসমূহ বোর্ড কর্তৃক নির্ধারিত তারিখে ফলাফল প্রকাশিত না হলে পরিবর্তিত হতে পারে। সেক্ষেত্রে পরিবর্তিত ভর্তির তারিখসমূহ জানার জন্য কলেজ ওয়েবসাইট ও নোটিশ বোর্ড দেখার অনুরোধ করা হলো।

অধ্যক্ষ

ব্রিগেডিয়ার জেনারেল তামিম আহমেদ চৌধুরী  
ওএসপি, এনডিসি, পিএসসি